

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.২৭.২০২৩. ৩২০


তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
২০ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব আবু তৌহিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা এর বাঞ্ছারামপুর সরকারি কলেজ কেন্দ্রে ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব থাকাকালীন সংশোধিত রুটিনের পরিবর্তে পূর্বের রুটিন ১২ অক্টোবর ২০২২ তারিখ অনুযায়ী ব্যবস্থাপনা ৬ষ্ঠ পত্রের প্রশ্নপত্রের ৩ টি প্যাকেটের মধ্যে ১ টি প্যাকেট খোলার অভিযোগ এবং দায়িত্ব পালনে চরম অবহেলা ও সরকারি নির্দেশনা প্রতিপালনে চরম উদাসীনতার অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

  
২০১৭/১৩  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান কর্মস্থল:**

জনাব আবু তৌহিদ  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া

**স্থায়ী ঠিকানা:**

জনাব আবু তৌহিদ  
পিতা নাম: মৃত আবু বক্কর সিদ্দিক  
গ্রাম: বাঘুটিয়া, ডাকঘর: মিরকুটিয়া, উপজেলা: চৌহালী, জেলা: সিরাজগঞ্জ।


**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

জনাব আবু তৌহিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা এর বাঞ্ছারামপুর সরকারি কলেজ কেন্দ্রে ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব থাকাকালীন সংশোধিত রুটিনের পরিবর্তে পূর্বের রুটিন ১২ অক্টোবর ২০২২ তারিখ অনুযায়ী ব্যবস্থাপনা ৬ষ্ঠ পত্রের প্রশ্নপত্রের ৩ টি প্যাকেটের মধ্যে ১ টি প্যাকেট খোলার অভিযোগ এবং দায়িত্ব পালনে চরম অবহেলা ও সরকারি নির্দেশনা প্রতিপালনে চরম উদাসীনতার অভিযোগ তদন্তে প্রমাণিত হয়;

জনাব আবু তৌহিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

  
২০১৭/১৩  
(সোলেমান খান)  
সচিব